

## ঘোষণা

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টো আগামী ১৭ই ডিসেম্বর ২০১৮ বাংলাদেশের ৪৮তম বিজয় দিবসের পরদিন হতে কনস্যুলার সেবা শুরু করতে যাচ্ছে। বাংলাদেশ হাই কমিশন অটোয়ার পাশাপাশি নবসৃষ্ট বাংলাদেশ কনস্যুলেট জেনারেল অন্টারিও, সাস্কাচুয়ান, ব্রিটিশ কলাম্বিয়া, আলবার্টা ও ম্যানিটোবায় বসবাসরত প্রবাসী বাংলাদেশী ও কানাডিয়ান নাগরিকদের কনস্যুলার সেবা প্রদান করবে।

টরন্টোতে এই কনস্যুলেট জেনারেল স্থাপনের মধ্য দিয়ে বৃহত্তর টরন্টোতে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের নিকট বর্তমান সরকারের একটি প্রতিশ্রুতির বাস্তবায়ন ঘটলো। বিশ্বব্যাপী বাংলাদেশের অর্থপূর্ণ প্রতিনিধিত্ব নিশ্চিতের অংশ হিসেবে এই কনস্যুলেট জেনারেল বর্তমান সরকারের প্রতিষ্ঠিত ১৮তম বৈদেশিক মিশন। কানাডায় বসবাসরত বাংলাদেশীদের কল্যাণ ও কনস্যুলার সেবার পাশাপাশি বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টো প্রবাসী বাংলাদেশী এবং কানাডিয়ান নাগরিকদের মধ্যে যোগাযোগ বৃদ্ধি এবং ব্যবসা বাণিজ্যের প্রসারে কাজ করবে।

বর্তমানে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল নিম্নলিখিত সেবা সমূহ প্রদান করবেঃ

১. ভিসা
২. নো-ভিসা সীল
৩. সত্যায়ন/পৃষ্ঠাঙ্কন (এ্যাটাস্টেশন)
৪. পাওয়ার অব এ্যাটর্নি (আম মোজারনামা) সত্যায়ন
৫. ট্রাভেল পারমিট প্রদান
৬. কনস্যুলার সংক্রান্ত পরামর্শ

বাংলাদেশ সরকারের ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এই কনস্যুলেট জেনারেল এমআরপি/ এমআরভি ও ই-পাসপোর্ট স্থাপনের জন্য কাজ করে যাচ্ছে। বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টো সত্বর এই সেবাসমূহ প্রদান করতে পারবে বলে আশা করছে।

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টো-এর ঠিকানাঃ

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল

১৫০৫-২২৩৫ শেফার্ড এ্যাভিনিউ ইস্ট, আট্রিয়া-২,

টরন্টো, ওএন এম২জে ৫বি৫, কানাডা

সুইচবোর্ডঃ +১-৬৪ ৭-৮১২-২৭৯১

ফ্যাক্সঃ +১-৪১৬-৪৯২-৩১৭১

ই-মেইলঃ [consular@bdcgtoronto.ca](mailto:consular@bdcgtoronto.ca)

ওয়েবসাইটঃ [www.bdcgtoronto.ca](http://www.bdcgtoronto.ca)

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল টরন্টো সোমবার হতে শুক্রবার সকাল ৯.০০ - ৫.০০ পর্যন্ত খোলা থাকবে, এবং শনিবার ও রবিবার এবং সরকারি ছুটির দিন বন্ধ থাকবে। কনস্যুলার সার্ভিস প্রদানের সময় সকাল ১০.০০ - ১২.০০ এবং বেলা ২.০০ - ৪.০০ পর্যন্ত।